

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)
১৩/১ শেখ সাহেব বাজার রোড, আজিমপুর, ঢাকা।
www.niport.gov.bd



নং- ৫৯.১২.০০০০.০০১.০৬.০৪১.১৯-৮৭২

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ
২৩ সেপ্টেম্বর ২০২০ খ্রি.

বিষয়: ১৫তম ত্রৈমাসিক সমন্বয় সভার নোটিশ।

আগামী ৩০.০৯.২০২০ খ্রি. তারিখ রোজ বুধবার সকাল ১০:৩০ ঘটিকায় নিপোর্টের সম্মেলন কক্ষে স্বাস্থ্য বিধি মেনে ১৫তম ত্রৈমাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন নিপোর্টের সম্মানিত মহাপরিচালক ও অতিরিক্ত সচিব জনাব সুশান্ত কুমার সাহা।

সভার আলোচ্যসূচি :

১. বিগত সভা সমূহের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (তারিখ: ১৩.০৭.২০২০ এবং ২৫.০৮.২০২০ খ্রি.)
২. মাঠ পর্যায়ের প্রশাসনিক/প্রশিক্ষণ কার্যক্রম মনিটরিং ও সুপারভিশন
৩. মুজিব বর্ষ উপলক্ষে গৃহীত কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা
৪. অকেজো গাড়ি নিলামে বিক্রয়
৫. ২০২০-২০২১ অর্থবছরের আর্থিক বরাদ্দ এবং গত ২০১৯-২০২০ অর্থ বছরের বাজেট ব্যয় সংক্রান্ত
৬. অডিট আপত্তি সংক্রান্ত
৭. এপিএ বাস্তবায়ন সংক্রান্ত
৮. শুদ্ধাচার ও ইনোভেশন সংক্রান্ত
৯. নিপোর্টের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক গৃহীত উন্নয়ন কার্যক্রমের বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা (নির্মাণ/মেরামত/সংস্কার)
১০. গবেষণা ইউনিটের কার্যক্রম সম্পর্কে আলোচনা
১১. ২০১৯-২০২০ অর্থবছরের প্রশিক্ষণের অগ্রগতি পর্যালোচনা
১২. চলতি অর্থ বছরে গৃহীত ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা
১৩. বিবিধ

২। এমতাবস্থায় জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট) এর সকল কর্মকর্তা, আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ ইনস্টিটিউট এর অধ্যক্ষ এবং আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রসমূহের প্রশিক্ষণ কর্মকর্তাবৃন্দকে উক্ত সমন্বয় সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, আরপিটিআই এর অধ্যক্ষ এবং আরটিসি এর প্রশিক্ষণ কর্মকর্তাবৃন্দকে ১৬.০৯.২০২০ খ্রি. তারিখের মধ্যে গত ১৩/০৭/২০২০ খ্রি. এবং ২৫.০৮.২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং আসন্ন ১৫তম ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যপত্র প্রস্তুত করে ddadmin@niport.gov.bd ঠিকানায় ই-মেইলের মাধ্যমে প্রেরণ করবেন।

(মো. মিজানুর রহমান)

উপপরিচালক (প্রশাসন) ও উপসচিব

ফোন : ৫৮৬১৭৩১৩

ইমেইল: ddadmin@niport.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)।

- ১। পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ/গবেষণা) নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
- ২। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ১০৫-১০৬ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা। (নিপোর্টের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের উন্নয়ন, মেরামত ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম পর্যালোচনার নিমিত্ত তথ্যসহ একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
- ৩। নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
- ৪। অধ্যক্ষ, আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ ইনস্টিটিউট (সকল).....
- ৫। প্রশিক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র (সকল).....
- ৬। প্রশাসনিক কর্মকর্তা, নিপোর্ট, আজিমপুর, ঢাকা (সমন্বয় সভার ৪৮ (আটচল্লিশ) জনের আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৭। মহাপরিচালকের গোপনীয় সহকারী, নিপোর্ট (মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে ও নোটিশটি সংশ্লিষ্ট সকলের ইমেইলে ও নিপোর্ট এর ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।